গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা-২ শাখা

বিষয়: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন "এস্টাব্লিমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটি (পি.এস.সি.) এর ৪র্থ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মাহবুব হোসেন<br>সচিব |
| সভার তারিখ | ২৪/০৮/২০২১ |
| সভার সময় | ১২:০০ মিনিট |
| স্থান | ভার্চুয়াল প্লাটফর্ম (ZOOM) |
| উপস্থিতি | সংযুক্ত |

২.০ প্রারম্ভিক আলোচনা

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির আহবানে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের উপসচিব, পরিকল্পনা অধিশাখা সভাকে অবহিত করেন যে, ব্যানবেইস কর্তৃক জিওবি অর্থায়নে বাস্তবায়নাধীন আলোচ্য প্রকল্পটির বাস্তবায়নকাল জুলাই ২০১৮ হতে জুন ২০২২ এবং প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৩১৩.৩১ কোটি টাকা। তিনি সভার আলোচ্য বিষয়ে প্রকল্প পরিচালককে Power Point Presentation উপস্থাপন করার অনুরোধ জানান।

৩.০ বিস্তারিত আলোচনা

৩.১ প্রকল্প পরিচালক প্রকল্পের উদ্দেশ্য, কার্যক্রমসহ অংগভিত্তিক ভৌত ও আর্থিক বিষয়াবলী উপস্থাপন করেন। অত:পর তিনি আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে PSC এর তৃতীয় সভায় গৃহিত ৯ (নয়টি) সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি, মাননীয় শিক্ষামন্ত্রীর সভাপতিত্বে ১৬/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার ১১টি নির্দেশনা এবং ০৭/০২/২০২১ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ৬টি সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভায় আলোচিত হয় যে, গত ১৭/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত পিএসসি এর তৃতীয় সভায় "বোর্ড সংক্রান্ত Lot-1 এর ১০টি Software Module বুয়েট এর সিএসইবিভাগকে দিয়ে Develop করানো সরকারের ক্রয় নীতিমালার সাথে সাংঘর্ষিক কিনা সে বিষয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের CPTU এর মতামত গ্রহণ করতে হবে। CPTU এর নিকট থেকে ইতিবাচক মতামত পাওয়া গেলে পরামর্শক চুক্তি সংশোধন করে বুয়েটের CSE বিভাগকে নিযুক্ত করতে হবে" মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। এ সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে CPTU এর ২ জন কর্মকর্তার মৌখিক মতামতের ভিত্তিতে Software Development এর কাজ বুয়েটের CSE বিভাগকে দেয়া হয়েছে। এরুপ প্রেক্ষাপটে CPTU এর লিখিত মতামত সংগ্রহের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করা হয়। অন্যান্য সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতিতে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

৩.২ প্রকল্প পরিচালক জুন ২০২১ পর্যন্ত প্রকল্পের অংগভিত্তিক নিম্নরুপ ভৌত এবং আর্থিক অগ্রগতি উপস্থাপন করেন:

(ক) ভৌত অগ্রগতি:

| | | |
|---|---|---|
| ১. | শিক্ষার্থী তথ্যছক মুদ্রণ ও বিতরণ | সিআরভিএস এর আলোকে শিক্ষার্থী প্রোফাইল তথ্যছক মুদ্রণ করে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠানে এপ্রিল ২০২১ মাসে প্রেরণ করা হয়েছে। শিক্ষার্থী কর্তৃক হার্ডকপি পূরনের কাজ চলছে। |
| ২. | সিআরভিএস সংক্রান্ত সফটওয়্যার ডেভেলপমেন্ট: | Software Vendor- BDU কর্তৃক Software Development সম্পন্ন হয়েছে, মাঠপর্যায়ে Testing এর কাজ চলছে। এনআইডি এবং ওআরজি এর সাথে Linkস্থাপিত হয়েছে। |
| ৩. | কারিগরি পরামর্শক দলের কার্যক্রম: | সমন্বিত শিক্ষা তথ্য ব্যবস্থাপনা প্রক্রিয়া প্রণয়নে Requirement Analysis করার জন্য সকল অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড পরিদর্শন পূর্বক বুয়েট Software and Hardware বিষয়ে Inception Report যথাক্রমে ০৬/১০/২০১৯ এবং ১৮/১০/২০২০ তারিখে প্রকল্প দপ্তরে দাখিল করেছে এবং অংশীজনদের মতামতের ভিত্তিতে Inception Report চূড়ান্ত করা হয়েছে। এ ছাড়া অংশীজনদের অংশগ্রহনে অনুষ্ঠিত কর্মশালার মতামতের ভিত্তিতে Software and Database Deployment Plan চূড়ান্ত করা হয়েছে। কারিগরি পরামর্শক দল Hardware Requirement Analysis সহ প্রায় ১০টি রিপোর্ট প্রকল্প কার্যালয়ে দাখিল করেছে। |
| ৪. | এনআইডি, ওআরজি এবং ডিপিই এর সাথে চুক্তি ও সমঝোতা স্মারক স্বাক্ষর | ১. সিআরভিএস ব্যবস্থার আলোকে শিক্ষার্থী প্রোফাইল ডেটাবেজ প্রস্তুত এবং ইউআইডি প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীর মাতা-পিতার এনআইডিসহ প্রয়োজনীয় তথ্য যাচাইয়ের জন্য ০৩/০৭/২০১৯ তারিখে NID এর সাথে চুক্তি করা হয়েছে।<br>২. শিক্ষার্থীর জন্ম সনদ যাচাই এবং UID প্রাপ্তির জন্য ওআরজি এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষের সাথে ৩০/০৯/২০২০ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে।<br>৩. ৫ম শ্রেণি সমাপ্তকারী শিক্ষার্থীদের তথ্য স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তরের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে ১০/১২/২০২০ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে। |
| ৫. | CRVS সংক্রান্ত Integrated Server Room Passive Infrastructure (ব্যানবেইস ভবনে) স্থাপন: | ব্যানবেইস ভবনের ৪র্থ তলায় CRVS সংক্রান্ত Integrated Server Room Passive Infrastructure স্থাপন করা হয়েছে। |
| ৬. | সমন্বিত শিক্ষতথ্য ব্যবস্থাপনা পদ্ধতি প্রণয়নের লক্ষ্যে Software Development Firm নিয়োগ: | Software Development সংক্রান্ত তিনটি লট এর মধ্যে লট-১ এর ১০টি Mission Critical Software Develop করার জন্য বুয়েটের সিএসই বিভাগকে নিয়োগ করা হয়েছে এবং Software Development এর কাজ চলমান আছে। লট-২ ও লট-৩ এর Software Development Firm এর সঙ্গে যথাক্রমে ১৫/০২/২০২১ এবং ২৮/০২/২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। |
| ৭. | Hardware এবং Database ক্রয় ও স্থাপন | হার্ডওয়্যার Requirement Analysis এর কাজ সম্পন্ন করে এ সংক্রান্ত Technical Specification এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং লট-২ ও লট-৩ এর ডেটাবেজ এর তালিকা প্রস্তুত করা হয়েছে। |

| | | |
|---|---|---|
| ৮. | বৈদেশিক প্রশিক্ষণ | অনুমোদিত ডিপিপি অনুযায়ী<br>১. সিআরভিএস সংক্রান্ত ব্যবস্থাপনা বিষয়ে ১০ জনের এক ব্যাচ,<br>২. সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত ব্যবস্থাপনা প্রতি ব্যাচে ১১ জন করে দুই ব্যাচে ২২ জন,<br>৩. সমন্বিত শিক্ষাতথ্য ব্যবস্থাপনা সংক্রান্ত Attachment course on IEIMS Management & Database Administration, Data Integration, Business Intelligence বিষয়ে ১৫টি সংস্থার ১৫ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। এক ব্যাচের প্রশিক্ষণ অসমাপ্ত রয়েছে। |

(খ) আর্থিক অগ্রগতি: জুন ২০২১ পর্যন্ত (অংক সমূহ লক্ষ টাকায়)

| | | | |
|---|---|---|---|
| ১ | বেতন ও ভাতাদি | ১১৯.৩০ | ১০৫.২৭ |
| ২ | সরবরাহ ও সেবা | ১১৫৪৮.৩৫ | ১৯৭২.১৪ |
| মোট রাজস্ব ব্যয় | | ১১৬৬৭.৬৫ | ২০৭৭.৪৩ |
| ৩ | যানবাহন ক্রয় | ৫০.০০ | ৪৩.৬৮ |
| ৪ | কম্পিউটার হার্ডওয়ার এবং অন্যান্য যন্ত্রপাতি | ৫৪৬৮.২৩ | ১১১৮.৮৭ |
| ৫ | কম্পিউটার সফটওয়ার | ১৩১১৬.৭৬ | ৩৭৬.১৭ |
| ৬ | প্রয়োজনীয় আইসিটি অবকাঠামো নির্মাণ | ১০২৮.৩৬ | ২৫৮.৮৫ |
| মোট মূলধন ব্যয় | | ১৯৬৬৩.৩৫ | ১৭৯৭.৫৭ |
| | সর্বমোট | ৩১৩৩১.০০ | ৩৮৭৮.৯৮ (১২.৩৭%) |

৩.৩ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, অনুমোদিত DPP এর ১৩ নং অনুচ্ছেদে প্রকল্প শেষ হওয়ার পর প্রকল্পের আউটপুট, সকল যন্ত্রপাতিসহ Software রাজস্ব খাতে স্থানান্তর করার প্রস্তাবনা রয়েছে। এমতাবস্থায় ডিপিপি'র প্রস্তাব অনুযায়ী নির্মিতব্য IT Infrastructure ও System সঠিকভাবে পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার জন্য ব্যানবেইস এ ডেটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর (গ্রেড-৫) এর ১টি পদ ও নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (গ্রেড-৬) এর ১টি পদ সৃজন করা প্রয়োজন। ১১টি শিক্ষাবোর্ডের জন্য ডেটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর (গ্রেড-৫) এর ১১টি পদ সৃজনের প্রয়োজন। বিস্তারিত আলোচনান্তে ব্যানবেইস এবং ১১টি শিক্ষা বোর্ডকে ডিপিপি'র প্রস্তাবনা অনুযায়ী পদ সৃজনের প্রস্তাব দ্রুত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

৩.৪ প্রকল্প পরিচালক জানান যে, প্রকল্পের মেয়াদ জুন ২০২১ হতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০২২ পর্যন্ত এক বছর বৃদ্ধির কারনে রাজস্ব ব্যয়ভুক্ত কর্মকর্তা, কর্মচারীদের বেতন, ভাতাদি খাতে অনুমোদিত DPP এর সংস্থান ১১৯.৩০ লক্ষ টাকার স্থলে অতিরিক্ত ৬০.৭০ লক্ষ টাকাসহ মোট ১৮০.০০ লক্ষ টাকার প্রয়োজন হবে। বর্ণিত অতিরিক্ত অর্থ রাজস্ব ব্যয়ভুক্ত পরামর্শক সেবা খাতের অব্যয়িত অর্থ ৮৮.৪০ লক্ষ টাকা হতে সমন্বয় করা যেতে পারে। তিনি আরো বলেন যে, অনুমোদিত DPP তে ডেটাবেইজ সংক্রান্ত Software এবং Related Hardware একই প্যাকেজে অন্তর্ভুক্ত করে ব্যয় প্রাক্কলন করা হয়েছিল। ডেটাবেইজ সংক্রান্ত Software এবং Hardware একই প্যাকেজে থাকলে একদিকে যেমন পরিচালনা, রক্ষণাবেক্ষণ খরচ বৃদ্ধি পাবে, অন্যদিকে Hardware পরিবর্তনের ক্ষেত্রে একই Vendor এর উপর নির্ভরশীল হতে হবে।। বিষয়টি বিবেচনা করে Database সংক্রান্ত Computer Hardware পৃথক করে প্রকল্পের মোট Computer Hardware এ অন্তর্ভুক্ত করা প্রয়োজন। ডিপিপি'তে সংস্থানকৃত মোট Hardware ও Software এর পরিমাণ একই থাকায় আন্ত:অঙ্গ সমন্বয়ের মাধ্যমে এই পরিবর্তন করা যেতে পারে। বিস্তারিত আলোচনান্তে সরকারের পরিকল্পনা সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে আন্ত:অঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব প্রণয়ন ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হয়।

৩.৫ তথ্যছক পূরণ সংক্রান্ত সমস্যাবলী উপস্থাপন করে মহাপরিচালক, ব্যানবেইস বলেন এপ্রিল-মে ২০২১ মাসে শিক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে প্রেরিত তথ্যছক পূরণের কার্যক্রম শুরু করা হয়। কিন্তু মাঠপর্যায়ে হতে উদ্ভূত সমস্যা যেমন Online এ শিক্ষার্থী ও তাদের পিতা মাতার জন্মসনদ এর জন্য স্থানীয় নিবন্ধক অফিসে স্বাস্থ্যবিধি লঙ্ঘণ করে জমায়েত এবং কিছু কিছু শিক্ষা প্রতিষ্ঠানে স্বশরীরে উপস্থিত হয়ে তথ্যছক পূরণ করাতে স্বাস্থ্যঝুকির কারণে সচিব মহোদয়ের নির্দেশনায় তা বন্ধ করা হয়। ইতোমধ্যে ২০২১ সালের SSC ও HSC পরীক্ষার্থীদের ফরম পূরণ সমাপ্ত হওয়ার কারনে Target people এর একটি অংশ CRVS ব্যবস্থা থেকে বাদ পরার সম্ভাবনা দেখা দিয়েছে। এমতাবস্থায় উক্ত তথ্যছক পূরণের বিষয়ে একটি নির্দেশনা প্রয়োজন। সভায় আলোচিত হয় যে, কওমি মাদ্রাসার শিক্ষার্থীদেরও ডেটাবেজ প্রনয়ণ করা জরুরী। কওমি মাদ্রাসার শিক্ষার্থীদের অর্ন্তভুক্ত করা না হলে এ প্রকল্পের মূল উদ্দেশ্য ব্যাহত হবে। মহাপরিচালক, ব্যানবেইস জানান, বর্ণিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক গঠিত একটি কমিটি কাজ করছে। কমিটির চূড়ান্ত রিপোর্ট তৈরি হলে এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যাবে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। সভাপতি শিক্ষা প্রতিষ্ঠান খোলার সাথে সাথেই শিক্ষার্থী তথ্যছক পূরণের কাজ পুনরায় শুরু করার জন্য নির্দেশনা প্রদান করেন।

৩.৬ প্রকল্পের আওতায় কম্পিউটার হার্ডওয়্যার ও অংশীজন সংস্থার জন্য আইটি অবকাঠামো নির্মাণ সংক্রান্ত Hardware (Active and Passive Elements) এর তালিকা প্রকল্প পরিচালক কর্তৃক সভায় উপস্থাপন করা হয়। সভাকে অবহিত করা হয় যে, প্রকল্প দলিলের সংস্থান অনুযায়ী Hardware equipment ক্রয়ের পূর্বে Technical Committee এর সুপারিশ নেয়ার শর্ত রয়েছে। তাই অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত Technical Committee এর সভায় বর্ণিত Active and Passive Elements একাধিক লটে ক্রয় করার সুপারিশ প্রদান করা হয়েছে। এ বিষয়ে সভাপতি বলেন, প্রচলিত বিধি বিধান অনুসরণ করে কম্পিউটার সরঞ্জাম ক্রয় করা যেতে পারে।

৪.০ সিদ্ধান্ত

৮.১ প্রকল্পের আর্থিক ও ভৌত অগ্রগতির হার ত্বরান্বিত করতে হবে এবং প্রকল্পের বর্ধিত মেয়াদের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করতে হবে;

৮.২ বোর্ড সংক্রান্ত Lot-1 এর ১০টি Software Module বুয়েট এর সিএসইবিভাগকে দিয়ে Develop করানো সরকারের ক্রয় নীতিমালার সাথে সাংঘর্ষিক কিনা সে বিষয়ে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের CPTU এর লিখিত মতামত গ্রহণ করতে হবে;

৮.৩ ব্যানবেইস এবং ১১টি শিক্ষাবোর্ড ডিপিপি'র প্রস্তাবনা অনুযায়ী পদ সৃজনের প্রস্তাব দ্রুত মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগে প্রেরণ করবে;

৮.৪ সরকারের পরিকল্পনা সংক্রান্ত বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করে আন্তঃঅঙ্গ ব্যয় সমন্বয়ের প্রস্তাব প্রণয়ন ও অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৮.৫ শিক্ষা প্রতিষ্ঠান খোলার সাথে সাথেই শিক্ষার্থী তথ্যছক পূরণের কার্যক্রম পুনরায় শুরু করতে হবে;

৮.৬ অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে অনুষ্ঠিত Technical Committee'র সুপারিশ এবং প্রচলিত বিধি বিধান অনুসরণ করে কম্পিউটার সরঞ্জাম ক্রয় করতে হবে।

৫.০ সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাহবুব হোসেন
সচিব